গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং (উন্নয়ন শাখা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬ (অংশ-০৩)- ৪২২

তারিখ: ১১. চৈত্র, ১৪২৫ব.
২৫ মার্চ, ২০১৯খ্রি.

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর মার্চ, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| তারিখ | : | ১০-০৩-২০১৯ খ্রি. |
| সময় | : | সকাল ১০:০০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ ,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| সভাপতি | : | ড. কৃষ্ণা গায়েন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস |
| উপস্থিতি | : | পরিশিষ্ট - 'ক' |

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে পরিসংখ্যান কর্মকর্তা জনাব মো: আজগর আলী বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন আপত্তি না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অতঃপর সভায় আলোচ্যসুচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| (০১) | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণের জন্য সভায় প্রস্তাব পেশ করা হয়। | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো। | - |
| (০২) | অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত | ফেব্রুয়ারি-মার্চ, ২০১৯ পর্যন্ত মোট পত্র প্রাপ্তির সংখ্যা ৬৯৫টি, তন্মধ্যে নিষ্পত্তি হয়েছে ৬৪১ টি এবং অনিষ্পন্ন রয়েছে ৫৪টি।<br><br>পরিচালক, এগ্রিকালচার উইং জানান, অত্র উইং এর সাবেক এসআই মৃত জনাব মো: আব্দুল আজিজ এর পেনশন প্রাপ্তির উত্তরাধিকার সনাক্তকরণ সংক্রান্ত একটি অনিষ্পন্ন বিষয় রয়েছে। মৃত জনাব মো: আব্দুল আজিজ এর দুইজন স্ত্রী রয়েছে। ১ম পক্ষের স্ত্রী-কে ডিভোর্স দেয়া হয়েছে এবং ১ম পক্ষের স্ত্রীর সন্তানাদিও রয়েছে। ২য় পক্ষের স্ত্রী জীবিত থাকায় তিনি তাঁর পক্ষে পেনশন দাবি করেন। বিষয়টি জটিল বিধায় ১ম পক্ষের স্ত্রীর ডিভোর্স সার্টিফিকেট ভেরিফিকেশনের কাজ চলছে।<br><br>২য় অনিষ্পন্ন বিষয়টি সেন্সাস উইংয়ের কর্মচারী মৃত দবির উদ্দিন, ডিই/সিও, সেন্সাস উইংয়ের "পেনশন বিষয়ক"। বিজ্ঞ আদালত দবিরের ২য় স্ত্রীর পক্ষে রায় দেন। দবির উদ্দীনের পেনশন স্থগিত থাকায় দবিরউদ্দীনের স্ত্রী ফারহানা বেগম একটি রিট পিটিশন নং ১৩৩১৭/২০১৮ দায়ের করেন। উক্ত বিষয়ে নিষ্পত্তির জন্য মহামান্য হাইকোর্ট থেকে ০৫/০৩/২০১৯ তারিখে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে একটি চিঠি দিয়েছে। | ক) এগ্রিকালচার উইং এর সাবেক এসআই মৃত জনাব মো: আব্দুল আজিজ এর ১ম স্ত্রীর ডিভোর্স সার্টিফিকেট ভেরিফাই করে সাকসেশন সার্টিফিকেট এর নিরীখে বিষয়টি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>খ) সেন্সাস উইংয়ের কর্মচারী মৃত দবির উদ্দিন, ডিই/সিও এর পেনশনের বিষয়টি মহামান্য হাইকোর্ট থেকে জারিকৃত পত্রের আলোকে নিষ্পত্তি করতে হবে। | পরিচালক এগ্রিকালচার উইং ও সেন্সাস উইং |
| (০৩) | অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত | উপপরিচালক (প্রশাসন) জানান, মোট ৩৮টি অডিট আপত্তির মধ্যে ০১টি আপত্তি ফেব্রুয়ারি, ২০১৯ মাসে নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ৩৭টি আপত্তি নিষ্পত্তির প্রচেষ্টা চলমান রয়েছে। যুগ্মপরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস জানান, বিভিন্ন ইস্যুতে অডিট আপত্তি হচ্ছে। সভায় উল্লেখ করা হয় যে, গাড়ীর জ্বালানী, মেরামত, সংরক্ষণ প্রভৃতি ব্যয় সংগত কারণে নির্ধারিত সিলিং এর কিছু বেশি হওয়ার কারণে অনেক আপত্তি রয়েছে। | ক) ৩৭টি অডিট আপত্তির বিবরণ সম্বলিত একটি পরিষ্কার ছক তৈরি করতে হবে।<br><br>খ) সদর দপ্তর ও মাঠ পর্যায়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। রাজস্ব খাতের সমস্ত টিএ বিল | পরিচালক (অর্থ), এফএ অ্যান্ড এমআইএস উইং |

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | তাছাড়া টিএ বিল সংক্রান্ত আপত্তিও ইদানিং দেখা যাচ্ছে। এই জাতীয় সমস্যা সদর দপ্তর ও মাঠ পর্যায়ে সমভাবে রয়েছে এবং এতে কর্মকর্তা ও কর্মচারীগণের যথেষ্ট জ্ঞান ও প্রশিক্ষণের অভাব রয়েছে। বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় রংপুর যখন অত্র শাখায় কর্মরত ছিলেন তখন বিবিএস-এ মোট ৮০০০টি অডিট আপত্তি ছিল এবং পর্যায়ক্রমে তা নিষ্পত্তি হয়ে মাত্র ৪২টিতে উপনীত হয়। আপত্তিগুলোর কিছু প্রকল্পের কনসালটেন্ট কর্তৃক আহরিত বেতনের প্রদেয় Tax না কাটার কারণে উদ্ভূত হয়েছে।<br><br>সভাপতি বলেন, যে কারণে অডিট আপত্তি হচ্ছে সে বিষয়গুলো চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া প্রয়োজন। | কেন্দ্রিয়ভাবে এফএ অ্যান্ড এমআইএস উইং-এর মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে। ভ্রমণভাতা বিল দাখিলে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল হওয়া এবং বিধি মোতাবেক বিল দাবী করার পরামর্শ দিতে হবে। অবশিষ্ট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ০৪) | কোর্টে চলমান মামলা ও জনবল নিয়োগ সম্পর্কিত | সিপিও জানান, মো: রমজান আলী ইউএসও, চাঁপাইনবাবগঞ্জ সদর এর মামলার বিষয়ে রিভিউ করার সময়সীমা শেষ হয়ে যাওয়ায় পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। সভায় বর্তমানে চলমান ৩১ (একত্রিশ) টি মামলার মধ্যে নিয়োগ সংক্রান্ত যে ০২টি মামলা রয়েছে সেগুলো কিভাবে দ্রুত নিষ্পত্তি করা যায় এবং তার কোন বিকল্প ব্যবস্থা আছে কিনা মর্মে আলোচনা করা হয়। | বিদ্যমান মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (অর্থ), এফএ অ্যান্ড এমআইএস উইং ও সিপিও |
| (০৫) | সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসংগে | সভায় অবহিত করা হয় যে, এনাম কমিটির সুপারিশ অনুযায়ী ৩৪ টি গাড়ির মধ্যে ০৫টি রাজস্ব খাতের। প্রকল্প হতে প্রাপ্ত গাড়িসমূহের কোন কাগজপত্র নেই। গাড়িসমূহের পৃথক পৃথক খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। নিলামে বিক্রির জন্য গাড়িসমূহের খসড়া তালিকা প্রস্তুতসহ background তালিকাবদ্ধ করা হয়েছে। গাড়ির কাগজপত্র হালনাগাদকরণের জন্য চলতি অর্থবছরের সংশোধিত বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থানের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | ক) গাড়িগুলো To&E ভুক্ত করতে হবে। অকেজো গাড়িগুলো মেরামতের উপযোগী কিনা তা যাচাই করতে হবে। মেরামতযোগ্য না হলে অকেজো গাড়িসমূহ নিলামে বিক্রয় করতে হবে।<br><br>খ) গাড়ীর কাগজপত্র হালনাগাদ করার জন্য আগামী বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। | পরিচালক (প্রশাসন/অর্থ) এফএ অ্যান্ড এমআইএস উইং |
| (০৬) | বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত | পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস উইং জানান, অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কাজে ক্যাডার ও নন-ক্যাডার নির্বিশেষে পদগুলো চিহ্নিতকরণের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের Intervention দরকার। সভায় বিস্তারিত আলোচনাক্রমে প্রস্তাবিত অর্গানোগ্রাম দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের সিদ্ধান্ত হয়। | ক) ১৯৮০ সনের বিধি অনুযায়ী বিবিএস ক্যাডারভুক্ত প্রতিষ্ঠান হওয়ায় প্রস্তাবিত অর্গানোগ্রামে নতুন পদগুলো ক্যাডার পদ হিসেবে সৃজনের প্রস্তাব দিতে হবে এবং বিদ্যমান ক্যাডার ও নন-ক্যাডার পদগুলো চিহ্নিত করতে হবে।<br><br>খ) প্রস্তাবিত অর্গানোগ্রাম দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস উইং |
| (০৭) | বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন ও প্রশিক্ষণ অ্যাকাডেমি স্থাপন সংক্রান্ত | বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপনের জন্য জমি অধিগ্রহণ ও ক্রয় বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট অনুরোধ পত্র প্রেরণ এবং "রেট শিডিউল" ও "স্থাপত্য নকশা" এর জন্য সচিব, গণপূর্ত ও গৃহায়ন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া সভায় জানানো হয় যে, প্রশিক্ষণ অ্যাকাডেমি স্থাপনের জন্য প্রকল্প প্রস্তাব প্রস্তুতসহ সার্বিক সমন্বয়ের জন্য এফএ অ্যান্ড এমআইএস এর যুগ্মপরিচালক জনাব আশরাফুল আলম সিদ্দিকিকে ফোকাল পয়েন্ট নিয়োগ করা হয়েছে। | ক) বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপনের সার্বিক সমন্বয়ের জন্য একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ করতে হবে।<br><br>খ) প্রশিক্ষণ অ্যাকাডেমি স্থাপনের নিমিত্ত দ্রুত প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে। | যুগ্মপরিচালক, সেন্সাস উইং |
| (০৮) | ক) শুদ্ধাচার সংক্রান্ত | (ক) পরিচালক, এসএসটিআই জানান বিবিএস এর ৩০ জন কর্মকর্তার অংশগ্রহণে ৫ ও ৬ মার্চ ২০১৯ "তথ্য অধিকার, | ক) এ জাতীয় প্রশিক্ষণ ভবিষ্যতেও | পরিচালক (এসএসটিআই) |

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | প্রতিবেদন<br><br>খ) উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্য | নৈতিকতা ও শুদ্ধাচার এবং এপিএ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।<br><br>(খ) পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এম আইএস জানান, বিবিএস এর উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ২৪/০২/২০১৯ তারিখে উদ্ভাবনী টিম পুর্নগঠনের আদেশ জারি করা হয়েছে। | নিয়মিত আয়োজন করতে হবে।<br><br>খ) Innovation টিম কর্তৃক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন/ বাস্তবায়ন করে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | ইনোভেশন টীম প্রধান, বিবিএস |
| (০৯) | ই-ফাইলিং কার্যক্রম, ইন্টারনেট ব্যবস্থা, জিও কোড, ওয়েব পোর্টাল সংক্রান্ত | ই-ফাইলিং কার্যক্রমে বিবিএস এর অবস্থান ১৪ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে ২৮তম। ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন ও ভবনে ইন্টারনেট ব্যবস্থা শক্তিশালীকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। সমস্যা নিরসনে প্রয়োজনে বুয়েট অথবা অন্য কোন প্রতিষ্ঠানকে দিয়ে assessment করা দরকার। এছাড়া জিও কোড মুদ্রণে কোন সম্যস্যা হচ্ছে না এবং ওয়েবপোর্টালও ঠিকমত আছে। | দ্রুত ইন্টারনেট ব্যান্ডউইথ assessment এর ব্যবস্থা করতে হবে। | পরিচালক, কম্পিউটার উইং ও পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস উইং |
| (১০) | উপজেলা পরিসংখ্যান অফিসসমূহে ফিক্সড় টেলিফোন সংযোগ স্থাপন | সরকারি কাজে দ্রুত যোগাযোগ স্থাপনের জন্য উপজেলা পরিসংখ্যান অফিসসমূহে ফিক্সড় টেলিফোন সংযোগ প্রদান অব্যাহত রয়েছে। | যে সকল উপজেলায় ফিক্সড টেলিফোন সংযোগ নেই সে সকল উপজেলায় দ্রুত টেলিফোন সংযোগ প্রদানের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস উইং |
| (১১) | মন্ত্রিপরিষদ বিভাগ চাহিত মাসিক কর্মকান্ডের প্রতিবেদন | মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক কর্মকান্ডের প্রতিবেদন একটি চলমান প্রক্রিয়া বিধায় তা প্রতি মাসের নির্দিষ্ট তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল উইং হতে উন্নয়ন শাখায় পাঠানোর বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে সকল উইং হতে প্রতিবেদন উন্নয়ন শাখায় পাঠাতে হবে। | পরিচালক (সকল) |
| (১২) | মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের আবাসন ব্যবস্থা | পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস উইং জানান, প্রশিক্ষণকালীন আবাসন সংকট দীর্ঘ দিন ধরে চলে আসছে। পরিসংখ্যান ভবনের আশেপাশে কোন পছন্দসই বাড়ি পাওয়া যাচ্ছে না। কিছু নতুন ভবন ভাড়া পাওয়া গেলেও আবাসিক ভবনে সরকারি অফিস ভাড়া দিতে কেহই রাজি হচ্ছে না। সভাপতি, এ ব্যাপারে মালিক কর্তৃক ভাড়া সংক্রান্ত বিষয়ে কোন জিজ্ঞাসা থাকলে প্রয়োজনে বিবিএস কর্তৃপক্ষের সহযোগিতা নেয়ার পরার্মশ দেন। | অতি দ্রুত সময়ের মধ্য বাড়ি ভাড়া নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস উইং |
| (১৩) | বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় | যুগ্মপরিচালক, রংপুর বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় জানান, জেলা ও বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ে ২০১১ সালের আদমশুমারি প্রকল্প হতে যে আইপিএস দেয়া হয়েছিল তাদের এক একটির ওজন ৩ থেকে ৪ মন এবং সেগুলো শুরু থেকে অকেজো ছিল। এগুলো অব্যবহৃত অবস্থায় বিস্তৃত জায়গা দখল করে আছে, এমনকি স্থানান্তর করতে অসুবিধা হচ্ছে। তাছাড়া বিবিএস এর সদর দপ্তর হতে পাঠানো অনেক পুরোনো পাবলিকেশনও রয়েছে যেগুলো রক্ষণাবেক্ষণ করা দুষ্কর।<br><br>যুগ্মপরিচালক (অ:দা:), বরিশাল বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় বলেন, যে কোন দেশের উন্নয়নের পূর্বশর্ত হলো সঠিক ও সময়োচিত পরিসংখ্যান। তাই পরিসংখ্যানের গুরুত্ব জনসাধারণের মাঝে তুলে ধরার জন্য তিনি ১৮ সেপ্টেম্বর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র প্রতিষ্ঠার দিনটিকে 'জাতীয় পরিসংখ্যান দিবস' হিসেবে ঘোষণা ও প্রতিবছর তা পালনের জন্য সভায় প্রস্তাব উত্থাপণ করেন। সভায় উপস্থিত অনেকেই প্রতিষ্ঠার তারিখ নিয়ে দ্বিমত প্রকাশ করেন। সভাপতি বলেন, বিষয়টি অতি উত্তম, তবে প্রতিষ্ঠার তারিখসহ সার্বিক বিষয়ে | অপ্রয়োজনীয় ও ব্যবহার অনুপোযোগী মালামাল সরকারি বিধি-বিধান অনুযায়ী নিলামে বিক্রয়ের ব্যবস্থা নিতে হবে।<br><br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র প্রতিষ্ঠার দিনটিকে 'জাতীয় পরিসংখ্যান দিবস' হিসেবে ঘোষণা ও প্রতিবছর তা পালনের নিমিত্ত সঠিক তারিখ নির্ধারণ করতে হবে। | পরিচালক (প্রশাসন/অর্থ), এফএ অ্যান্ড এমআইএস উইং ও বিভাগীয় যুগ্মপরিচালকগণ<br><br>পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস উইং |

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।<br><br>যুগ্মপরিচালক (অ:দা:), চট্টগ্রাম বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় বলেন, চলমান কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি প্রকল্প হতে এখনও জ্বালানী সরবরাহ করা হয়নি। এ প্রসংগে প্রকল্প পরিচালক জানান, অনেকেই বিল পাঠিয়েছেন, ব্যবস্থা নেয়া হচ্ছে। এছাড়া বিভাগীয় অফিসসমূহে ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়েও সভায় আলোচনা হয়। | ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (অর্থ), এফএ অ্যান্ড এমআইএস উইং |
| (১৬) | বিবিধ | পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং জানান, ২১ ফেব্রুয়ারি ২০১৯ এর বই মেলায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পরিচালিত স্টলে ২,৩২,৬৯১.২৫/- টাকার বই বিক্রয় হয়েছে। মহাপরিচালক মেলার কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য পরিচালক, ইন্ডাস্ট্রি লেবার উইংসহ স্টলের দায়িত্বে নিয়োজিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>উপপরিচালক, প্রকাশনা শাখা, এফএ অ্যান্ড এমআইএস উইং Power Point উপস্থাপনার মাধ্যমে সভায় জানান, এটি একটি সমৃদ্ধ প্রেস। বিভিন্ন জরিপ ও শুমারির মতো বড় বড় মুদ্রণ দ্রুততম সময়ে এ প্রেস থেকে সম্পাদন করা হয়। এখানে অনেক ঝুঁকিপূর্ণ সমস্যা রয়েছে। বহুদিনের অনেক পুরোনো প্রকাশনা রয়েছে যা স্তুপ হয়ে পড়ে আছে ও অন্যান্য কাজেরও ব্যাঘাত ঘটাচ্ছে। পুরোনো প্রকাশনাসমূহ নিয়ম মেনে ডামপিং করা দরকার। তিনি জানান এ শাখায় কাগজসহ বিভিন্ন রাসায়নিক দ্রব্যাদি আছে। ফলে যেকোন সময় অগ্নিকান্ডের মত বড় দুর্ঘটনা ঘটতে পারে। এ ব্যাপারে পরিচালক (প্রশাসন) বলেন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাথে যোগাযোগ হয়েছে। তারা আগামী ১৮-০৩-২০১৯ তারিখে পরিসংখ্যান ভবনে একটি Fire Fighting মহড়া প্রদর্শনের আশ্বাস দিয়েছেন।<br><br>সভায় আলোচনা হয় যে, পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন কক্ষে বিভিন্ন প্রকল্পের শুমারি ও জরিপের মালামাল রয়েছে তা খালি করা দরকার। এছাড়া যাচাই না করে নতুন ফার্নিচার ক্রয় না করার বিষয়েও সভায় আলোচনা হয়।<br><br>সভায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে ডে-কেয়ার সেন্টার স্থাপন প্রয়োজন বলে মত প্রকাশ করা হয়।<br><br>সভায় আলোচনা হয় যে, প্রকাশনা শাখা ও কম্পিউটার উইংয়ের টেকনিক্যাল জনবলকে শুমারি বা জরিপের কাজে মাঠে প্রেরণ করা হলে সংশ্লিষ্ট উইং এর দাপ্তরিক কাজের অনেক সমস্যা হয়। | ক) আগামীতেও সফলভাবে বইমেলায় অংশগ্রহণে সবাইকে আন্তরিক হতে হবে।<br><br>খ) পুরোনো প্রকাশনা সরানোর ব্যবস্থা করতে হবে।<br><br>গ) আগামী ১৮/০৩/২০১৯ তারিখে পরিসংখ্যান ভবনে Fire Fighting মহড়া অনুষ্ঠান করতে হবে। এছাড়া Fire Fighting টিমকে প্রকাশনা শাখা Visit করানোর ব্যবস্থা করতে হবে।<br><br>ঘ) পুরোনো মালামাল সংশ্লিষ্ট প্রকল্পকে Disposed off করতে হবে। নতুন ফার্নিচার ক্রয়ের ব্যাপারে যাচাই-বাছাই কমিটি গঠন করতে হবে<br><br>ঙ) পরিসংখ্যান ভবনে ডে-কেয়ার সেন্টার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>চ) প্রকাশনা শাখা ও কম্পিউটার উইংয়ের টেকনিক্যাল জনবল কোন শুমারির বা জরিপ কাজে নিয়োগ করা যাবে না। | পরিচালক, (প্রশাসন/অর্থ) এফএ অ্যান্ড এমআইএস উইং |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. কৃষ্ণা গায়েন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০০৭০৫৬